

তারিখ ... ১৪/১০/৬০ ...
 পৃষ্ঠা ... ১০ কলাম ... ৪ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়কে বিশ্বব্যাংকের সহযোগিতার আশ্বাস

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে সহযোগিতার আশ্বাস দিয়েছে বিশ্বব্যাংক। বুধবার বিকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রধান ক্যাম্পাসের সিনেট হলে জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিশ্বব্যাংকের আওতাধীন কলেজ পর্ষদের উচ্চশিক্ষা প্রতিবেদনের ওপর এক যৌথ আলোচনা সভায় বিশ্বব্যাংক প্রতিনিধিরা এ আশ্বাস দেন। বিশ্বব্যাংকের প্রতিনিধি ইউকেসি নাগাসিমা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজের কারিকুলাম উন্নয়ন, আইসিটি ল্যাব, অনলাইন সার্ভিস, তথা নেটওয়ার্ক সিস্টেমসহ আঞ্চলিক কেন্দ্রগুলোর অবকাঠামো উন্নয়নে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জেফারেল আহমদ চৌধুরী, টেকনার কাঞ্জী ফতেক আহমেদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সদস্য প্রফেসর ড. মুহিবুর রহমান, বিশ্বব্যাংকের প্রতিনিধি আসগাবুর রহমান, ড. মোখলেসুর রহমান, সৈয়দ রশেদ আলী জায়েদ, কাশফি আহমেদ এবং নায়েমের ডিজি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিনসহ অন্য কর্মকর্তারা। সভায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়কে সুস্থভাবে পরিচালনার মার্থে এটি বিভাগীয় শহরে আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে বিশ্ববিদ্যালয় পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। আঞ্চলিক কেন্দ্রগুলো বিকেন্দ্রীকরণের পাশাপাশি ততো আইসিটি ল্যাব, অনলাইন সার্ভিস, অবকাঠামোর সুযোগ সুবিধা সৃষ্টিসহ অধিভুক্ত কলেজের শিক্ষকদের অধিভুক্ত করে ওয়ার্কশপের মাধ্যমে দেশের চাইল ও প্রয়োজন অনুসারে কোর্স কারিকুলাম চেঞ্জে সাজানো, শিক্ষার গুণগত মান ও উৎকর্ষ বৃদ্ধির জন্য বিশ্বব্যাংকের সহযোগিতা চাইলে বিশ্বব্যাংকের প্রতিনিধি ইউকেসি নাগাসিমা এদব কাজে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন।